**অর্ধ-বার্ষিক পরীক্ষা-২০২০**

**শ্রেণি: ৭ম**

**সময়: ২ ঘন্টা৩০ মিনিট** **বিষয়: বিজ্ঞান (সৃজনশীল)** **পূর্ণমান: ৭০**

*[দ্রষ্টব্যঃ— ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। মোট সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]*

১. ৩০ মিটার লম্বা একটি অ্যালুমিনিয়ামের তৈরি নলের একপ্রান্ত ইমন কানের কাছে ধরল। অপর প্রান্তে তার বন্ধু উচ্চৈঃস্বরে একটি শব্দ উচ্চারণ করলে ইমন পরপর ২ বার শব্দটি শুনতে পেল।

ক) শব্দের বেগ কী? ১

খ) শ্রুতি-উত্তর শব্দ বলতে কী বোঝ? ২

গ) ইমন কত সময় পর প্রথম শব্দ শুনতে পেল? ৩

ঘ) ইমন পরপর দুইবার শুনতে পাওয়ার যৌক্তিক কারণ দেখাও। ৪

২. রীমা ও সীমা ট্রেন লাইন দিয়ে হাঁটার সময় অনেক দূরে ট্রেন লাইনের উপর একটি আলোর ঝলকানি দেখতে পেল। সাথে সাথে লাইনে কান লাগিয়ে কিছুক্ষণ পর রীমা একটি শব্দ শুনতে পেল। কিন্তু দাঁড়িয়ে থাকা সীমা শব্দটি ঘটনাটির ১০ সেকেন্ড পর শুনল। ঐ সময় বায়ুতে শব্দের বেগ ছিল ২৫০ মি/সে এবং লোহায় শব্দের বেগ ছিল ৫২০০ মি/সে।

ক) শ্রাব্যতার সীমা কাকে বলে? ১

খ) চাঁদে একজনের কথা অন্যজন শুনতে পায় না কেন? ২

গ) সীমা ঘটনাস্থল থেকে কত দূরত্বে দাঁড়িয়েছিল? ৩

ঘ) সীমার আগে রীমা শব্দটি শুনতে পাবার কারণ গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৩. শাওনের ১০০০ নিউটন বল প্রয়োগ করে ১টি বস্তুকে ৪০ মিটার দূরে সরাতে সময় লাগল ৫ মিনিট। কাজটি শেষ করে ঘরে এসে বৈদ্যুতিক ফ্যানটি ছেড়ে দিল।


ক) গতি শক্তি কী? ১

খ) অনবায়নযোগ্য জ্বালানির দুটি অসুবিধা লেখ। ২

গ) শাওনের কৃতকাজ ও ক্ষমতা নির্ণয় কর। ৩

ঘ) শাওনের ঘরের বৈদ্যুতিক যন্ত্রটিতে শক্তির কী ধরনের রূপান্তর ঘটছে? বিশ্লেষণ কর। ৪

৪. নিচের ছকটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :




ক) আলোক শক্তি কী? ১

খ) শক্তির রূপান্তর বলতে কী বোঝ? ২

গ) $i)$ নং জ্বালানির বিকল্প হিসেবে নবায়নযোগ্য একটি গ্যাসের উৎপাদন কৌশল বর্ণনা কর। ৩

ঘ) বর্তমান সভ্যতায় $ii)$ নং জ্বালানিটির গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৫. একটি টেবিলের উপর $A, B, C, D$ চারটি পাত্র রয়েছে। $A$ পাত্রে চিনি, $B$ পাত্রে পানি, $C$ পাত্রে তামার গুঁড়া এবং $D$ পাত্রে লবণের দ্রবণ রাখা আছে। এরপর শিক্ষার্থীদের পাত্রে রাখা পদার্থগুলো শনাক্তকরণের জন্য বলা হলো।

ক) এটমস অর্থ কী? ১

খ) অণু ও পরমাণুর মধ্যে ২টি পার্থক্য লেখ। ২

গ) $A, B, C, D$ পাত্রে রাখা পদার্থগুলো যেসব উপাদান দিয়ে গঠিত তাদের নাম লেখ। ৩

ঘ) উদ্দীপকের চারটি পাত্রে রাখা পদার্থগুলো কোনটি কী ধরনের পদার্থ যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৬. $i)$ নাইট্রোজেন পরমাণু + নাইট্রোজেন পরমাণু = নাইট্রোজেন অণু

$ii)$ | হাইড্রোজেন | অক্সিজেন | সোডিয়াম |

ক) লোহার ল্যাটিন নাম কী ? ১

খ) $NH_3$ কেন যৌগিক পদার্থ ? ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকের $ii)$ নং কোন পরমাণুবাদ অনুসরণ করে ? বর্ণনা কর। ৩

ঘ) উদ্দীপকের $i)$ নং এর উৎপন্নজাত পদার্থ কোন প্রকৃতির ? বিশ্লেষণ কর। ৪

৭. আমাদের হাতের উপর লক্ষ করলে নীল রঙের এক ধরনের নালি দেখতে পাই। এরকম অসংখ্য নালি আমাদের শরীরে রয়েছে। যাদের কোনটি অক্সিজেনযুক্ত রক্ত এবং কোনটি কার্বন ডাইঅক্সাইডযুক্ত রক্ত বহন করে।

ক) পরিপাকগ্রন্থি কাকে বলে ? ১

খ) বৃহদন্ত্রে খাদ্য হজম হয় না বলে ? ২

গ) উদ্দীপকে উল্লিখিত দুই প্রকার নালির মধ্যে পার্থক্য লেখ। ৩

ঘ) আমাদের শরীরে এই নালিগুলো যে তরলটি বহন করে এর ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৮. নুহান স্কুল থেকে পারদ থার্মোমিটার দিয়ে শরীরের তাপমাত্রা পরিমাপ পদ্ধতি শিখল। বাসায় এসে থার্মোমিটারে তার বাবার শরীরের তাপমাত্রা পেল ৯৮.৪° ফারেনহাইট।

ক) বিকিরক কী ? ১

খ) বায়ুর আর্দ্রতা বলতে কী বোঝায় ? ২

গ) নুহানের বাবার শরীরের তাপমাত্রা সেলসিয়াস স্কেলে নির্ণয় কর। ৩

ঘ) উদ্দীপকের থার্মোমিটারে উক্ত তরল ব্যবহারের কারণ বিশ্লেষণ কর। ৪

৯. সেলসিয়াস ও ফারেনহাইট স্কেলের সম্পর্কযুক্ত সমীকরণ–

$$\frac{C}{5} = \frac{F-32}{9}$$

ক) তাপ সঞ্চালন কাকে বলে ? ১

খ) কাচের শিশির ধাতব মুখ কীভাবে সহজেই খোলা যায় ? ২

গ) যদি $F$ এর মান $40^\circ$ হয়, তবে $C$ এর মান নির্ণয় কর। ৩

ঘ) কোন তাপমাত্রায় $C$ ও $F$ এর মান পরস্পর সমান হবে ? ৪

১০. মানুষ উদ্ভিজ্জ ও প্রাণিজ উভয় ধরনের খাদ্যই গ্রহণ করে। পৌষ্টিকতন্ত্রের মাধ্যমে খাদ্যবস্তুর পরিপাক ও শোষণ প্রক্রিয়া সম্পন্ন হয়। মানবদেহের এই পৌষ্টিকতন্ত্রটি পৌষ্টিকনালি এবং সংশ্লিষ্ট পৌষ্টিকগ্রন্থি নিয়ে গঠিত।


ক) মানুষের স্থায়ী দাঁতের সংখ্যা কত ? ১

খ) পাকস্থলিতে হাইড্রোক্লোরিক এসিডের কাজ কী ? ২

গ) উদ্দীপকের তন্ত্রটির চিহ্নিত চিত্র অঙ্কন কর। ৩

ঘ) উদ্দীপকের তন্ত্রটিতে যেসব পরিপাকগ্রন্থি রয়েছে সেগুলো মানব শরীরে কেন প্রয়োজন ? তোমার মতামত দাও। ৪

১১. নিচের চিত্রের আলোকে প্রশ্নগুলোর উত্তর দাও :



ক) আধুনিককালে কয়লার প্রধান ব্যবহার কোন ক্ষেত্রে ? ১

খ) সৌরশক্তির ২টি ব্যবহার লেখ। ২

গ) বস্তুটি $A$ থেকে $B$ অবস্থানের দিকে চলমান অবস্থায় কোন শক্তি কার্যকর ? ব্যাখ্যা কর। ৩

ঘ) প্রযুক্ত বলের পরিমাণ অর্ধেক হলে কৃতকাজের কীরূপ পরিবর্তন হবে ? গাণিতিক হিসাব দেখাও। ৪

**অর্ধবার্ষিক পরীক্ষা - ২০২০**

**শ্রেণি : ৭ম**

**সময়: ২ঘন্টা ৩০মিনিট　　বিষয়: বৌদ্ধ ধর্ম ও নৈতিক শিক্ষা　　পূর্ণমান: ৭০**

যে কোন ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে:

১। রাহুল ভাবুক প্রকৃতির এক যুবক।তিনি সবসময় জীবের প্রতি সদয় থাকতেন এবং মন্দ কাজ ত্যাগ করে ভালো কাজ করার চিন্তা করতেন।কিন্তু সংসারের দুঃখ-কষ্ট অনুধাবন করতে পেরে এক পর্যায়ে তিনি প্রবজ্যা গ্রহন করলেন।কিছুদিন পর তিনি প্রচন্ড জ্বরের কারণে মৃত্যুযন্ত্রণা অনুভব করতে লাগলেন।শেষে ধ্যান-সাধনার মাধ্যমে সুস্থ হয়ে উঠলে তিনি দুঃখ মুক্তির পথ খুঁজে পেলেন।

ক. সম্যক কর্ম কী? ১

খ. আর্য অষ্টাঙ্গিক মার্গ অনুশীলনের প্রয়োজনীয়তা বুঝিয়ে লিখ। ২

গ. কোন মার্গ অবলম্বনের মাধ্যমে রাহুল অভীষ্ট লক্ষ্য অর্জন করতে পেরেছেন? বর্ণনা কর। ৩

ঘ. রাহুল প্রবজ্যা জীবন গ্রহণের মাধ্যমে কতটুকু সফল হয়েছিলেন? পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৪

২। মনিকা চাকমা স্বামীর মৃত্যুর পর সন্তানদেরকে উপযুক্ত শিক্ষা দিয়ে বিহারে ভিক্ষুদের সেবায় নিয়োজিত হন।তিনি কোনো প্রকার শীল ভঙ্গ না করে পুণ্য সঞ্চয় করেন।

ক. নিধি কত প্রকার? ১

খ. অনুগামী নিধি কীভাবে লাভ করা যায়? ২

গ. মনিকা চাকমার সন্তানরা কীভাবে পুণ্য সঞ্চয় করতে সক্ষম হবে।নিধিকুন্ড সূত্রের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. মনিকা চাকমার ঘটনা নিধিকুন্ড সূত্রের প্রতিফলন-এর যথার্থতা ব্যাখ্যা কর। ৪

৩। অরিত্র বড়ুয়া ত্রিপিটকের অন্তর্গত খুদ্দক পাঠের এমন একটি সূত্র পাঠ করেছেন যা থেকে তিনি প্রকৃত সম্পদ সম্পর্কে জানতে পারেন। তিনি সেখানে চার প্রকার সম্পদের ধারণা পান। তিনি মনে করেন ভোগ সম্পদের চেয়ে পুণ্য সম্পদ অর্জন করাই শ্রেয়।

ক. নিধিং শব্দের অর্থ কী? ১

খ. জঙ্গম নিধি বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে কোন সূত্রের ইঙ্গিত রয়েছে ? পাঠ্যবইয়ের আলোকে তার পটভূমি ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত সূত্রের তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৪। সুমন ও রুমন দুই প্রতিবেশী। এদের মধ্যে পেশায় সুমন ধনাঢ্য ব্যবসায়ী এবং রুমন দরিদ্র কৃষক। সুমন কাজকর্মে মিথ্যার আশ্রয় নেয় এবং মানুষের সাথে প্রতারণা করে। পক্ষান্তরে রুমন কাজে ফাঁকি দেয় না, সৎভাবে পরিশ্রম করে জীবিকা নির্বাহ করে। রুমনের আচরণে গ্রামের লোকজন তাকে খুব পছন্দ করে।

ক. আর্য অষ্টাঙ্গিক মার্গ কত প্রকার? ১

খ. সম্যক সমাধি বলতে কী বোঝ? ২

গ. সুমনের আচরণে আর্য অষ্টাঙ্গিক মার্গের কোন অঙ্গ লঙ্গিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. রুমনের কর্মটি আর্য অষ্টাঙ্গিক মার্গের সম্যক জীবিকার প্রতিফলন- তুমি কি বক্তব্যটির সঙ্গে একমত? মতামত দাও। ৪

৫। বোধিমিত্র ভিক্ষু বুদ্ধের বাণী প্রচারের জন্য গ্রীষ্মকালে বিভিন্ন এলাকায় সফর শুরু করেন।একপর্যায়ে বর্ষাবাদল শুরু হলে, তিনি ধর্মপাল বিহারে গিয়ে পৌঁছালেন।সেখানে নির্দিষ্ট সময়ের জন্য অবস্থান করে ধর্মীয় আলোচনা, ধ্যান-সাধনা ও বিদ্যাচর্চা করে সময় অতিবাহিত করতে থাকেন।কয়েকদিন যাওয়ার পর পাশের গ্রামের একটি বিহারে তাঁর গুরু ভান্তে গুরুতর অসুস্থ হয়ে পড়লে তাঁকে সেবা যত্ন করার জন্য বোধিমিত্র ভিক্ষু ধর্মপালন বিহার ত্যাগ করলেন এবং ভন্তেকে নিয়ে হাসপাতালে গেলেন।চারদিন পর গুরু ভন্তে সুস্থ হয়ে উঠলে তিনি আবার ধর্মপাল বিহারে ফিরে এসে ধ্যান-সাধনায় নিয়োজিত হলেন।কিন্তু এভাবে বোধিমিত্র ভিক্ষুর বিহার ত্যাগ করাকে অনেকে পছন্দ করলেন না।

ক. কয়মাস ধরে বর্ষাবাস পালন করা হয়? ১

খ. ভিক্ষুরা বর্ষাবাস পালন করেন কেন? ২

গ. উদ্দীপকে বর্ণিত ঘটনাটি বৌদ্ধধর্মের কোন আচার-অনুষ্ঠানের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. বোধিমিত্র ভিক্ষুর বিহার ত্যাগ করে হাসপাতালে রাতযাপন ঘটনাটি বর্ষাবাসব্রত বিধানের লঙ্ঘন- বক্তব্যটির যথার্থতা বিশ্লেষণ কর।

৬। সুমনা ও প্রীতি চাকমা দুই বোন।বর্ষাবাসব্রতকালীন সময়ে তারা বিহারে গিয়ে উপোসথ গ্রহণ করে।সুমনা চাকমা ঐ সময়ে ভিক্ষুকে নিত্য প্রয়োজনীয় দ্রব্য দান করে এবং সারাদিন বুদ্ধ,ধর্ম,শীলানুস্মৃতি ও মৈত্রী ভাবনায় রত থাকে।অপরদিকে প্রীতি চাকমা উপোসথ গ্রহন করলেও সুমনা চাকমার মত ধ্যানচর্চা করে না।সে ধর্ম চিন্তা বাদ দিয়ে ভোগ বিলাস ও পরিবারের বিভিন্ন সমস্যা নিয়ে চিন্তা করে।

ক. ভিক্ষুদের জ্যেষ্ঠ্যতা কীভাবে নির্ধারন করা হয়? ১

খ. বৌদ্ধধর্মে উপোসথের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ২

গ. সুমনা চাকমার আচরণটি উপোসথের সাথে সংগতিপূর্ণ- উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৩

ঘ. প্রীতি চাকমার আচরণটি গোপালক উপোসথের সঙ্গে সংগতিপূর্ণ- তুমি কি তার সঙ্গে একমত? মতামত দাও। ৪

৭। বৌদ্ধদের এমন একটি ধর্মীয় আচার রয়েছে যা পালন করতে আষাঢ়ী পূর্ণিমা থেকে আশ্বিনী পূর্ণিমা পর্যন্ত ভিক্ষুগণ বিহারে বাস করেন।এ সময় তাঁরা বিহারে অবস্থান করে ধর্মালোচনা, ধর্মশ্রবণ, ধর্ম-বিনয় ও ধ্যান সমাধি চর্চা এবং অধ্যায়ন করে সময় অতিবাহিত করার চেষ্টা করেন।

ক. জেতবন কোথায় অবস্থিত? ১

খ. বর্ষাবাসব্রতে ভিক্ষুদের করণীয় দুটি দিক তুলে ধর। ২

গ. উদ্দীপকে কোন ব্রতের ইঙ্গিত রয়েছে? পাঠ্যবই অনুসারে তার

পটভূমি ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত ব্রতের বিধান বিশ্লেষণ কর। ৪

৮। সুচিত্রা ও অর্পনা দুবোন।রূপে ও গুণে দুজনে অপরূপা।পড়াশুনায় ফাঁকে ফাঁকে সুচিত্রা বুদ্ধের ধর্ম দেশনা শুনতে বিহারে যেতেন এবং শ্রেষ্ঠ ভিক্ষুণী হওয়ার ইচ্ছা করতেন।পড়াশুনা শেষে তাদের পিতা সুচিত্রাকে বিয়ে দেওয়ার কথা বললে সে অনীহা প্রকাশ করে।কিন্তু সুচিত্রার রূপ ও গুণের কথা শুনে অনেক সম্ভ্রান্ত পরিবার থেকে তাঁর বিয়ের প্রস্তাব আসে।এ অবস্থায় বিয়ে হলে এলাকার সম্ভ্রান্ত ব্যক্তিবর্গের মধ্যে কলহ ও রক্তপাত ঘটবে বিধায় পিতা মেয়ের সম্মতিতে 'সুচিত্রাকে' প্রবজ্যা গ্রহণ করান।অন্যদিকে অপর্নাকে বিয়ে করা নিয়ে উক্ত এলাকায় যুবকদের মধ্যে প্রতিযোগিতা শুরু হয়।অপর্না বিয়েতে রাজি না হয়ে বিভিন্ন সাংস্কৃতিক কর্মকান্ডে নিজেকে জড়িয়ে ফেলেন।এক পর্যায়ে ধর্ম চর্চায় অনুপ্রাণিত হলে, তাঁর মনে হয় দেহ, রূপ ও যৌবন সবই ক্ষণস্থায়ী ও একদিন ধ্বংস হয়ে যাবে।

ক. বুদ্ধের প্রথম মহাশ্রাবক কে ছিলেন? ১
খ. প্রথম মহাসঙ্গীতি কেন অনুষ্ঠিত হয়েছিল? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত সুচিত্রার ঘটনাটি কোন থেরীর জীবনের
সঙ্গে মিল রয়েছে? বর্ণনা কর। ৩
ঘ. 'দেহ, রূপ , যৌবন' সবই ক্ষণস্থায়ী ও একদিন ধ্বংস হয়ে যাবে'-
অপর্নার এই উক্তিটির সঙ্গে আম্রপালীর জীবন কাহিনী কতটুকু সাদৃশ্যপূর্ণ?
বিশ্লেষণ কর। ৪

৯। বিধান ও নীলিমা উভয়ে ধার্মিক ছিলেন এবং তাঁদের গুণকীর্তন গ্রামের চতুর্দিকে ছড়িয়ে পড়ে।একসময় দুজনে বিবাহ বন্ধনে আবদ্ধ হলেও তাদের সংসার জীবনের চেয়ে ব্রক্ষ্মচর্যার প্রতি বেশি আগ্রহ ছিল।এক সময় তারা এক ধর্মীয় পথ প্রদর্শকের পদাঙ্ক অনুসরণ করতে গিয়ে তাঁদের বিবাহ বিচ্ছেদ হয়ে যায়।ঠিক সেই মুহূর্তেই প্রলয়ংকরী বিকট শব্দে পৃথিবী কেঁপে উঠল।এভাবে তাদের ধর্মযাত্রা সফল হয়।

ক. 'ঋদ্ধি' শব্দের অর্থ কী? ১
খ. ভিক্ষুগণ মহাকশ্যপকে অগ্রমহাশ্রাবক পদে অধিষ্ঠিত করেন কেন? ২
গ. উদ্দীপকের ঘটনাটি কোন থের-থেরীর জীবনে সংঘটিত হয়েছিল?
ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত বিধান ও নীলিমা ইহ ও পরজন্মে কী লাভ করতে
পারবে বলে তুমি মনে কর?পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৪

১০। অতীন্দ্রিয় বড়ুয়া অত্যন্ত দানশীল ব্যক্তি ছিলেন।গরিব দু:খীদের তিনি মুক্ত হস্তে দান করতেন।কোনো অসহায় মানুষ তার বাড়ি থেকে শূন্য হস্তে ফিরে যেত না।বিশেষত তিনি অনাথদের পিন্ড বা খাবার দান করতেন।দান কর্মের স্বীকৃতি স্বরূপ তিনি বৌদ্ধধর্মের ইতিহানে অমর হয়ে আছেন।

ক. কার ঋদ্ধিমতি হওয়ার ইচ্ছা জেগেছিল? ১
খ. উৎপলবর্ণা নামকরন কেন করা হয়? ২
গ. উদ্দীপকের অতীন্দ্রিয় বড়ুয়ার চরিত্রে তোমার পাঠ্যবইয়ে কার ইঙ্গিত
দেওয়া হয়েছে?তাঁর পরিচয় ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত মহান ব্যক্তির বৌদ্ধধর্মের অবদানসমূহ বিশ্লেষণ কর। ৪

১১। অবন্তী বড়ুয়া প্রাণী হত্যা, চুরি, ব্যভিচার, মিথ্যা ভাষণ ইত্যাদি খারাপ কাজ থেকে বিরত থাকতে সকলকে উপদেশ দেন।তিনি বলেন, সততার সাথে সাথে নিজ নিজ কর্তব্য পালন করা উচিত।

ক. আর্য অষ্টাঙ্গিক মার্গে কয়টি সম্যক পথ আছে? ১
খ. কুশল কর্ম বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে তোমার পাঠ্যবইয়ের কোন বিষয়ের ইঙ্গিত দেওয়া
হয়েছে?তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত বিষয়টির মতো আরেকটি বিষয় হলো সম্যক
দৃষ্টি বিশ্লেষণ কর। ৪

# অর্ধ-বার্ষিকী পরীক্ষা - ২০২০

## শ্রেণি : ৭ম

সময়: ১ ঘন্টা | **বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি** | পূর্ণমান: ৩৫

যে কোন ২টি প্রশ্নের উত্তর দাওঃ ১০

১। হ্যাকার কাকে বলে? হ্যাকার কত প্রকার ও কি কি?

২। বিজয় ও অভ্র সফটওয়্যার দুটির মধ্যে তুলনামূলক পার্থক্য লেখ।

৩। ডকুমেন্ট সম্পাদনা বলতে কি বোঝ? ডকুমেন্ট সম্পাদনার কাজগুলো লেখ।

[দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসমূহ হতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক চিহ্ন দাও।প্রতিটি প্রশ্নের মান ১]

১। ইন্টারনেট ব্যবহারের সময় কতটি নিয়ম মেনে চলা উচিত?
ক. ৩টি খ. ৪টি
গ. ৫টি ঘ. ৬টি

২। গেমে আসক্তির কারণে নিজের সন্তান বিক্রির অপরাধে চীন দেশ থেকে দু'জনকে গ্রেপ্তার করা হয় কত সালে?
ক. ২০০৭ খ. ২০০৮
গ. ২০০৯ ঘ. ২০১০

৩। MMOএর পূর্ণরূপ কী?
ক. Massively Multimedia online game
খ. Massively Multiplayer online game
গ. Many Many online game
ঘ. Massively Multiplayer game

নিচের উদ্দীপকটি পড় এবং ৪ ও ৫ নং উদ্দীপকটি উত্তর দাও:
জিনাত মাসুদ একজন নামকরা লেখক।তিনি যে উপন্যাসটি লেখেন তা একজন প্রকাশক প্রকাল করেন।প্রকাশক বইটি ছাপিয়ে বাঁধাই করে, বিভিন্ন বিক্রেতার মাধ্যমে আমাদের কাছে পৌঁছান।এ সকল কাজে যে খরচ হয় তা ধরে নিয়ে বইয়ের বিক্রয়মূল্য নির্ধারণ করা হয়।এর মধ্যে লেখকও একটি অংশ পান।

৪। জিনাত মাসুদ বইয়ের বিক্রয়মূল্যের যে অংশটি পান তাকে কী বলে?
ক) রিয়েলিটি খ) রয়্যালিটি
গ) প্রোপার্টি ঘ) কমিশন

৫। জিনাত মাসুদ উপন্যাসটি লেখেন-
i. শ্রম দিয়ে
ii. সময় দিয়ে
iii. চিন্তা দিয়ে

নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৬। লেখক,শিল্পী,নাট্যকারের মৃত্যুর পর কপিরাইট আইন কত বছর বলবৎ থাকে?
ক. ৪০-৫০বছর খ. ৫০-৭০বছর
গ. ৬০-৮০বছর ঘ. ৭০-৯০বছর

৭। বাংলাদেশে কপিরাইট আইন চালু হয় কত সালে?
ক. ১৯৯৯ খ. ২০০০
গ. ২০০১ ঘ. ২০০২

৮। কত বছর বয়সী ছেলে যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা বাহিনীর আন্তর্জাতিক যোগাযোগের নিরাপত্তা ভেদ করে তাদের ওয়েবসাইট হ্যাক করে?
ক. ১৯বছর খ. ২০বছর
গ. ২১বছর ঘ. ২২বছর

৯। ডেভিড স্মিথের দশ বছর জেল হয়েছিল কোন ভাইরাসটি তৈরির জন্য?
ক. Mydoom খ. Syndrom
গ. Mydoom Worm ঘ. Melissa

১০। ২০০৪ সালে Mydoom Worm ভাইরাসটি কতগুলো কম্পিউটারকে আক্রান্ত করেছিল?
ক. দুই লক্ষ
খ. আড়াই লক্ষ
গ. তিন লক্ষ
ঘ. সাড়ে তিন লক্ষ

১১। ইন্টারনেট থেকে কোনো তথ্য হুবহু কপি করে নিয়ে নিজের নামে জমা দেয়াকে কী বলে?
ক. কপিরাইট খ. কপিলেফট
গ. প্লেজারিজম ঘ. স্যোসালিজম

১২। হ্যাকিং কোন ধরনের কাজ?
ক. নৈতিক খ. যুক্তিযুক্ত
গ. অনৈতিক ঘ. অযৌক্তিক

১৩। বাংলা টাইপ রাইটারের জন্যে একটি বিজ্ঞানসম্মত কি-বোর্ড লে-আউট তৈরি হয় কত সালে?
ক. ১৯৬১ খ. ১৯৬৫
গ. ১৯৬৯ ঘ. ১৯৭৬

১৪। সর্বপ্রথম বাংলা টাইপ রাইটারের জন্যে একটি বিজ্ঞানসম্মত কি-বোর্ড লে-আউট তৈরি করেন কে?
ক. মুনীর চৌধুরী খ.কাজী নজরুল ইসলাম
গ. মোস্তফা জব্বার ঘ.মতিউর রহমান

১৫। বাংলা ফন্টসহ শহীদলিপি সফটওয়্যারটি প্রবর্তিত হয় কত সালে?
ক. ১৯৭৫ খ. ১৯৮০
গ. ১৯৮৪ ঘ. ১৯৮৫

১৬। কোন অক্ষরটি যুক্ত অক্ষরের লিংক হিসেবে কাজ করে?
ক. i খ. g
গ. m ঘ. j

১৭। অভ্র সফটওয়্যার প্রবর্তিত হয় কত সালে?
ক. ২০০০ খ. ২০০৪
গ. ২০০৬ ঘ. ২০০৭

১৮। বিজয় সফটওয়্যারে কোন ফন্ট নির্বাচন করতে হবে?
ক. Sutonny MJ
খ. Suto MJ
গ. Nikosh BAN
ঘ. Nikosh ENG
১৯। অভ্র সফটওয়্যারে কোন ফন্ট নির্বাচন করতে হবে?
ক. Sutonny MJ
খ. Suto MJ
গ. Nikosh BAN
ঘ. Nikosh ENG
২০। বাংলায় লেখালেখির জন্যে বিজয় সফটওয়্যারে কোন কি গুলো একত্রে চাপতে হয়?
ক. Alt Ctrl B খ. Alt Del B
গ. Alt Ctrl C ঘ. Alt Ctrl V
২১। লাইনের শুরুতে কার্সর নিতে কোনটি ব্যবহৃত হয়?
ক. END খ. HOME
গ. CTRL HOME ঘ.CTRL END
২২। লেখার আকার বড় করতে কোন কমান্ড দিতে হয়?
ক. ctrl +] খ. ctrl +}
গ. ctrl +[ ঘ. ctrl +{
২৩। ডকুমেন্টের প্যারাগ্রাফের এলাইমেন্ট কয় ধরনের হতে পারে?
ক. ২ খ. ৩
গ. ৪ ঘ. ৫
২৪। কোন ডকুমেন্ট প্রিন্ট করার জন্য কোন কমান্ড দিতে হয়?
ক. alt +j খ. ctrl +p
গ. ctrl +z ঘ. ctrl +j
২৫। উচ্চারণভিত্তিক বাংলা সফটওয়্যার কোনটি?
ক. বিজ্ঞান খ. প্রবর্তন
গ. লেখনী ঘ. অভ্র